

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

[মুসক আইন ও বিধি শাখা]

ব্যাখ্যা পত্র নং-০৯/মুসক/২০২০

তারিখঃ ২০ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/ ০৫ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ মোতাবেক কাঁচামাল স্থানান্তর সংক্রান্ত ব্যাখ্যাপত্র।


সূত্রঃ (১) নাসির গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ লি: এর পত্র নং- NG/VAT/2020/51, তারিখ: ১৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।
(২) হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লি: এর ০১ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে এক কারখানা হতে অন্য কারখানায় কাঁচামাল স্থানান্তর বিষয়ে নির্দেশনা চাওয়া হয়েছে।


০২। একই মালিকানাধীন প্রতিষ্ঠানের এক কারখানা হতে অন্য কারখানায় কাঁচামাল স্থানান্তর ব্যবসায়িক বাস্তবতা। সুতরাং একই মালিকানাধীন প্রতিষ্ঠানের এক কারখানা হতে অন্য কারখানায় নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে কাঁচামাল স্থানান্তর করা যাবেঃ

- (ক) কোন উৎপাদনকারী, তৎকর্তৃক আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত কাঁচামালের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট বা গুণগত পরিবর্তন না করে, তার অন্য কোন কারখানায় কাঁচামাল হস্তান্তরের পূর্বে বিধি মোতাবেক উপকরণ-উৎপাদ সহগ (ফরম মুসক-৪.৩) এ ঘোষণা প্রদান করবে এবং এর ভিত্তিতে ১৫% (পনেরো শতাংশ) হারে মুসক পরিশোধপূর্বক মুসক-৬.৩ চালানের মাধ্যমে কাঁচামাল অপসারণ করবে;
- (খ) কাঁচামাল সরবরাহ গ্রহণকারী কারখানার ক্রয় হিসাব পুস্তক (ফরম মুসক-৬.১) এ উক্ত কাঁচামাল বিধি মোতাবেক অন্তর্ভুক্ত করবে;
- (গ) কাঁচামাল সরবরাহ গ্রহণকারী মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬ পরিপালন সাপেক্ষে পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।



জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



[কাজী রেজাউল হাসান]

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ কমিশনার,

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,

ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/

চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২১.০০২.১৫/ ৪০৬ (৬৭)

তারিখঃ ০৫ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ২-৫। সদস্য (শুল্ক নীতি)/(মুসক নীতি)/(মুসক বাস্তবায়ন)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬-১১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
- ১২-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মুসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ১৬-১৭। মহাপরিচালক, মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর / শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৮। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ১৯। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।
- ২০। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২১। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ২২-২৪। প্রথম সচিব (মুসক-বাস্তবায়ন)/(শুল্ক: নীতি)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। [তাকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
- ২৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Rhasan
০৫/১১/২০

[কাজী রেজাউল হাসান]

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com